

আগামী বছরে ইয়ার ৭-এর জন্য স্থান
PLACEMENT IN YEAR 7 NEXT YEAR

ছাত্রের নাম:

Year 7-এ স্থানের জন্য বর্ষপঞ্জী:

ভর্তির আবেদনপত্র ফেরত দেয়ার তারিখ:

স্কুলের ফোন নাম্বার যদি আপনার সহযোগিতার প্রয়োজন হয়:

প্রিয় পিতামাতা/সেবাপ্রদানকারী

উপরে উল্লিখিত আপনার সন্তানকে এই স্কুলের Year 7-এ স্থান নেয়ার ব্যাপারে আগ্রহ প্রকাশের জন্য আপনাকে ধন্যবাদ।

আপনার আগ্রহ প্রকাশ অনুযায়ী আমরা আপনার সন্তানকে আগামী বছরের ভর্তি তালিকায় প্রস্তাবিত স্থানের জন্য চিহ্নিত করেছি। আপনি অবগত আছেন যে, ভর্তির সম্পূর্ণ আবেদনপত্র স্কুল কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত আপনার সন্তানের ভর্তি চূড়ান্ত হবে না।

আপনি যদি ভর্তির জন্য আনুষ্ঠানিকভাবে আবেদন প্রক্রিয়ায় যেতে চান, দয়া করে এখানে সংযুক্ত নিউ সাউথ ওয়েলস্ সরকারী স্কুলে ভর্তির আবেদনপত্রটি (Application to enrol in a NSW government school) ইংরেজীতে পূরণ করুন এবং ফর্মটি উপরে উল্লিখিত তারিখের মধ্যে আমার কাছে ফেরত পাঠান।

দয়া করে লক্ষ্য করুন:

- শুধুমাত্র আপনার পেশা এবং শিক্ষা ছাড়া আবেদনপত্রের সকল প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক
- উপরে উল্লিখিত তারিখের মধ্যে যদি আমরা ভর্তির আবেদনপত্র না পাই, আমরা ধরে নেবো যে আপনার আর আগ্রহ নেই এবং অন্যান্য ছাত্রদেরকে আবেদনের জন্য আহ্বান করা হবে
- আপনি যদি এই আবেদনপত্র জমা দিয়ে থাকেন কিন্তু তারপর মত পরিবর্তন করেন, অথবা আপনার অবস্থার পরিবর্তন হয় এবং আপনি ভর্তি নিয়ে আর আগ্রহ হতে না চান, সেক্ষেত্রে দয়া করে যতো তাড়াতাড়ি সম্ভব স্কুলের সাথে যোগাযোগ করুন যাতে করে আমরা অপেক্ষমান তালিকায় থাকা অন্যান্য ছাত্রদের সাথে যোগাযোগ করতে পারি।

আপনার আবেদনটি অপ্রাধিকার ভিত্তিতে পর্যালোচনা এবং এগিয়ে নেয়া হবে। যদি এটি গৃহীত হয়, তাহলে একটি আনুষ্ঠানিক ভর্তির নিশ্চয়তাপত্র আপনার কাছে পাঠানো হবে। কিছু কিছু ক্ষেত্রে আবেদনপত্রে প্রদানকৃত তথ্যের কিছু দিক নিয়ে পরবর্তিতে আপনার সাথে আলোচনা করার প্রয়োজন হতে পারে। যদি এমন কিছু হয়, সেক্ষেত্রে আমরা আপনার সাথে যোগাযোগ করবো।

Application to enrol in a NSW government school ফর্মটি পূরণ করতে যদি কোন সাহায্যের প্রয়োজন হয়, দয়া করে আপনার স্থানীয় প্রাথমিক স্কুলের সাথে যোগাযোগ করুন, অথবা আমাদের একজন উচ্চ মাধ্যমিক স্কুলের কর্মীর সাথে সাক্ষাতের সময় নির্ধারণে আমাদের ফোন করুন। আপনাকে সাহায্য করার জন্য একজন দোভাষীর প্রয়োজন হলে 131 450 নাম্বারে টেলিফোন দোভাষী সেবাব্যবস্থায় ফোন করতে পারেন এবং আপনার ভাষার একজন দোভাষীর জন্য অনুরোধ করতে পারেন। দোভাষী স্কুলে ফোন করবে এবং ফোন লাইনে থেকে আপনার আলোচনায় সহযোগিতা করবে। আপনাকে এই সেবাব্যবস্থার জন্য কোন ফি দিতে হবে না।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

আপনার বিনীত

অধ্যক্ষ
Principal